বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা)
এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৮৬৩

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩
০৭ সেপ্টেম্বর ২০২৬

**দপ্তরাদেশ**

নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলাধীন, "ঢাকা-নারায়ণগঞ্জ-ডেমরা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পভুক্ত নিষ্কাশন খালসমূহ পুনঃখনন এবং খাল আস্তরণ (Canal Lining) কাজ", রূপগঞ্জ উপজেলাধীন "নারায়ণগঞ্জ-নরসিংদী অগ্রণী সেচ (NND) প্রকল্প এবং উত্তর রূপগঞ্জ পানি সংরক্ষণ প্রকল্প (NRWCP)-এর পুনর্বাসন" এবং রূপগঞ্জ উপজেলাধীন "নারায়ণগঞ্জ-নরসিংদী সেচ-প্রকল্প NNIP (ব্লক-এ/১) এর পুনর্বাসন" শীর্ষক মোট তিনটি প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি প্রণয়ন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বাপাউবো'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি অভিন্ন কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রম নং | কর্মকর্তাগণের নাম ও পদবি **(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)** | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | **জনাব উম্মে ফাতেমা রোমানা আফরোজ**<br>**তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।** | **আহবায়ক** |
| ২। | জনাব হুমায়রা মাহ্‌জাবীন<br>নির্বাহী প্রকৌশলী (চ.দা.), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব ফারহানা কবির<br>উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | কাঞ্জিলাল রায় জীবন<br>গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), অর্থনীতি পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | মোহাম্মদ আলী রুবেল<br>গবেষণা কর্মকর্তা, পরিবেশ ও বন, পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | মোঃ কামরুল হাসান<br>গবেষণা কর্মকর্তা, সমাজবিজ্ঞান, অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৭। | **নির্বাহী প্রকৌশলী (পুর)**<br>**নারায়ণগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ ।** | **সদস্য-সচিব** |

কমিটির কার্যপরিধি:

১। ক) প্রস্তাবিত প্রকল্পের আওতাধীন খালসমূহ কমিটির সদস্যগণ কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক খালের বর্তমান অবস্থা , পানি প্রবাহ ও নিষ্কাশন সক্ষমতা, সীমানা, অবৈধ দখল ও স্থাপনা, ভরাট, সংকোচন এবং অন্যান্য প্রতিবন্ধকতা চিহ্নিত করে খাল পুনঃখনন, পলি ও ময়লা-আবর্জনা অপসারণ এবং নকশাগত প্রস্থ ও গভীরতা পুনঃস্থাপনের প্রয়োজনীয়তা নিরূপণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান;

খ) খালের পানি প্রবাহ, মাটি ও ভূ-প্রকৃতি, তীরের স্থায়িত্ব, পার্শ্ববর্তী স্থাপনা ও বিদ্যমান অবকাঠামো বিবেচনায় Canal Lining, Retaining Wall/Side Protection, Walkway, Regulator, Outlet, Culvert, Cross-Drainage Structure, Protection Worksসহ প্রয়োজনীয় Engineering Structures-এর কারিগরি উপযোগিতা ও প্রয়োজনীয়তা নির্ধারণপূর্বক প্রাথমিক নকশা , কাজের পরিমাণ ও প্রাক্কলন প্রস্তুতের প্রয়োজনীয় তথ্য প্রদান;

গ) প্রকল্পের সম্ভাব্য সুফল ও বাস্তবায়ন প্রতিবন্ধকতা (ভূমি অধিগ্রহণ/হস্তান্তর, দখলমুক্তকরণ, পরিবেশগত প্রভাব, Utility স্থানান্তর ইত্যাদি) মূল্যায়নপূর্বক বিকল্প ব্যবস্থা পর্যালোচনা করে সর্বোত্তম কারিগরি সমাধান এবং সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে Scope of Work, Component, Quantity, Cost Estimate, Implementation Plan, সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন ও ডিপিপি প্রণয়নে প্রয়োজনীয় কারিগরি, আর্থিক ও প্রশাসনিক সহায়তা প্রদান;

ঘ) সেচ প্রকল্পের খালগুলোর সেচ উদ্দেশে ব্যবহার না থাকলে সেগুলো নিষ্কাশন খাল হিসেবে ব্যবহার করা সম্পর্কে মতামত প্রদান ;

ঙ) আলোচ্য কাজ অন্তর্ভুক্তির ফলে প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে এবং বাস্তবায়ন পরবর্তী সময়ে কী পরিমাণ প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি করবে সে সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণসহ মতামত প্রদান;

চ) আলোচ্য কাজ অন্তর্ভুক্তির ফলে সম্ভাব্য উপকারভোগীদের সংখ্যা, কীভাবে উপকৃত হবে তার বিবরণ, উপকারপ্রাপ্ত নাগরিকের ধরণ (কৃষক, জেলে, তাঁতি, শিক্ষার্থী ইত্যাদি) সম্পর্কিত তথ্যাদি বিশ্লেষণসহ প্রকল্প বাস্তবায়নের ফলে প্রাপ্ত সুফল সম্পর্কিত মতামত প্রদান ;

ছ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন;

জ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন সর্ম্পকিত মতামত প্রদান;

ঝ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।


৩। কমিটি পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে ৩টি প্রকল্পের ৩টি পৃথক কারিগরি প্রতিবেদন ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। জনাব হুমায়রা মাহ্জাবীন, নির্বাহী প্রকৌশলী (চ.দা.), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
৩। জনাব ফারহানা কবির, উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। কাঞ্জিলাল রায় জীবন, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), অর্থনীতি পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
৫। মোহাম্মদ আলী রুবেল, গবেষণা কর্মকর্তা, পরিবেশ ও বন, পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। মোঃ কামরুল হাসান, গবেষণা কর্মকর্তা, সমাজবিজ্ঞান, অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী (পুর),নারায়ণগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ ।

**সংযুক্তিসমূহঃ**
(১) NND প্রতিবেদন
(২) NNIP প্রতিবেদন
(৩) DND Canal Lining প্রতিবেদন




০৭-০৯-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন : ০২২২২২৩০০৪০
ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৮৬৩/১ (১০)
তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতি. প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। অতি. প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৩। যুগ্ম প্রধান (চলতি দায়িত্ব ), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। পরিচালক, অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (ভারপ্রাপ্ত ), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত ), বাপাউবো, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কারিগরি কমিটি।
১০। দপ্তর কপি।



০৭-০৯-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)